প্রতিদিন অন্তত একবার বোর্ডের Web site : **www.bteb.gov.bd** ভিজিট করুণ।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : **www.bteb.gov.bd** ।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.১৯.৪১১ তারিখ ঃ ২১-০৫-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের ৬ মাস মেয়াদি সার্টিফিকেট-ইন-মেডিকেল আল্ট্রাসাউন্ড (জানুয়ারি-জুন ২০১৯ সেশন) পরীক্ষা আগামী **০৯ জুলাই ২০১৯ খ্রিঃ মঙ্গলবার** হতে বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে।

উল্লেখ্য সংশ্লিষ্ট **পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র (অ্যাডমিট কার্ড) হিসেবে গণ্য হবে। পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (**www.bteb.gov.bd**) পাওয়া যাবে।**

- প্রতিটি কেন্দ্রের E-mail ঠিকানা, কেন্দ্রের নাম, কেন্দ্র কোড ও মোবাইল নমবরসহ (প্রতিষ্ঠান প্রধানের) controller@bteb.gov.bd ও sultanhossain07@gmail.com তে ই-মেইল এবং ০১৭১৪০৭৫৮৩৮ ও ০১৭১৫১০৮৫৪৯ মোবাইল নম্বরে SMS করে পাঠাতে হবে।
- ই-মেইল ঠিকানা খোলার পরামর্শ (ইংরেজী ছোট হাতের অক্ষর হবে) ঃ প্রতিষ্ঠান কোড • জেলার ৩ অক্ষর • উপজেলার ৩ অক্ষর • প্রতিষ্ঠানের নামের প্রতিটি শব্দের প্রথম অক্ষর @ আপনার পছন্দমত যে কোন সার্চইঞ্জিন yahoo.com/gmail.com ইত্যাদি।

স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১৪৭/মে, ২০০৯ মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী সার্টিফিকেট-ইন-মেডিকেল আল্ট্রাসাউন্ড পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফি ও অন্যান্য ফি আদায় এবং বোর্ড অফিসে ফি প্রেরণের নিয়মাবলি নিম্নে প্রদত্ত হল।

১। **পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হারঃ**

১.১ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফিসহ অন্যান্য ব্যয় বাবদ নিম্নরূপভাবে অর্থ আদায় করতে হবে।

			মন্তব্য
ক.	পরীক্ষার ফি	৩০০/-	
খ.	কেন্দ্র ফি	২২৫/-	রেজিস্ট্রেশনের সময় যে সকল প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফি-এর সাথে পরীক্ষার ফি এবং সনদপত্র ফি এর অর্থ জমা দিয়েছেন সে সকল প্রতিষ্ঠান উক্ত ফি পূণরায় দেওয়ার প্রয়োজন নাই।
গ.	নমবরপত্র ফি	৭৫/-	
ঘ.	সনদপত্র ফি	১০০/-	
	সর্বমোট	৭০০/-	

২। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Online-কপি প্রেরণ ও পরীক্ষার ফি প্রেরণের নিয়মাবলিঃ**

২.১ পরীক্ষার্থীদের ফিসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

২.২ প্রতি পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি ৩০০ টাকা + নমবরপত্র ফি ৭৫ টাকা সনদপত্র ফি ১০০ টাকা বাবদ আদায়কৃত ৪৭৫/- (চারশত পঁচাত্তর টাকা)। উল্লেখ্য রেজিস্ট্রেশনের সময় যে সকল প্রতিষ্ঠান পরীক্ষার ফি এবং সনদপত্র ফি এর অর্থ জমা দিয়েছেন সে সকল প্রতিষ্ঠান শুধু মাত্র নমবরপত্র ফি বাবদ ৭৫ টাকা হারে সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদানকরতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটি পরীক্ষার্থীদের/প্রিন্টআউট কপির তালিকার সংগে বোর্ডে জমা/প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, রোকেয়া স্বরণী আগারগাঁও শাখা হইতে উত্তোলনযোগ্য হতে হবে এবং কেন্দ্র ফি যথারীতি কেন্দ্রে প্রদান করতে হবে।

২.৩ পরীক্ষার্থীদের নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ের অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

২.৪ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না।

২.৫ অত্র অফিস প্রেরণের পূর্বে প্রতিটি Online- এর মাধ্যমে পূরণকৃত হার্ড কপি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সাথে নির্ভুলভাবে পরীক্ষা করে ট্রেড অনুযায়ী শ্রেণিবিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণযোগ্য হবে না

২.৬ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশিলষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হল।

শিক্ষা প্রতিষ্ঠানকর্তৃক ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি পরীক্ষার্থী ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট জমা করার শেষ তারিখ	বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ	১৮-০৬-২০১৯খ্রিঃ খ্রিঃ তারিখের পরে ২৫০০/-টাকা প্রতিষ্ঠান কর্তৃক জরিমানা প্রদান করে ডিডি জমা দেয়া যাবে।	অত্র বোর্ডে হতে রেজিস্ট্রেশন কার্ড ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
১৬-০৬-২০১৯খ্রিঃ	১৮-০৬-২০১৯ খ্রিঃ	২০-০৬-২০১৯খ্রিঃ	২৩-০৬-২০১৯খ্রিঃ	২৪-০৬-২০১৯খ্রিঃ

২.৭ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রঃ পরীক্ষার্থীদের Online-কপি (এন্ট্রিফরম)একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিস্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। (তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য)।

২.৮ পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার উত্তরপত্র, হাজিরাশীট ও শিরোনামপত্র বীমাকৃত পার্শেল যোগে নিম্নেবর্ণিত ঠিকানায় প্রেরণ করিতে হইবে। (হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে এবং ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে)ঃ

(অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)

পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ মোঃ সুলতান হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
শর্ট কোর্স শাখা, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭। মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯

৩। <u>অন্যান্য শর্তাবলিঃ</u>

৩.১ পরীক্ষার্থীদের ফিসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরম সমূহ ২.৫ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে Online- কপি প্রেরণ করা বর্জনীয়।

৩.২ নির্ধারিত সময় সীমার মধ্যে Online-কপি অত্র বোর্ডে জমা করতে হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণকে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে Online কপি (এন্ট্রিফমর) ও ব্যাংক ড্রাফট ৩.১ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয় ও সমীচিন।

৩.৩ প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার বিজ্ঞপ্তি পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদেরকে অবহিত করা সর্বোত্তম।

স্বাক্ষরিত
(ড. প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোনঃ ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.১৯.৪১১(২৫) তারিখঃ ২১-০৫-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর,পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক,স্বাস্থ্য ও সেবা অধিদপ্তর, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(আগামী ২৪ জুন ২০১৯ খ্রিঃ তারিখের পূর্বে রেজিস্ট্রেসন কার্ড প্রিন্টপূর্বক রেজিস্ট্রেশন শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।)**
৬. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **আগামী ২৪ জুন ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন কার্ড সরবরাহের জন্য অনুরোধ করা হল।**
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়),বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কাযার্দি সম্পাদনের জন্য অনুরোধ করা হল।**
৮. মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(আগামী ২৪ জুন ২০১৯ খ্রিঃ** সংশ্লিষ্ট **পরীক্ষা কেন্দ্রকে লিথুযুক্ত উত্তরপত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)**
১১-২২ অধ্যক্ষ/পরিচালক,স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।
২৩. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা ,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৪. নোটিশ বোর্ড, অত্র বোর্ড।
২৫. সংশ্লিষ্ট নথি।

(মোঃ সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা-১২০৭
মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯, ০১৬৩২৪৮৬০৬৪